

সাত দিনের সরকারী সফরে নৌ প্রধানের ইন্দোনেশিয়া ও ভারত গমন

ঢাকা, ২৩ আগস্ট ২০১৭ঃ সাত দিনের সরকারী সফরে নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ, ওএসপি, বিসিজিএম, এনডিসি, পিএসসি আজ বুধবার (২৩-০৮-২০১৭) ইন্দোনেশিয়া ও ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন।



নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ

এসময় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে সহকারী নৌবাহিনী প্রধান (অপারেশন্স) এবং নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ ঢাকা আনুষ্ঠানিকভাবে নৌপ্রধানকে বিদায় জানান।

সফরকালে নৌপ্রধান ইন্দোনেশিয়ার বালিতে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক মেরিটাইম সিকিউরিটি সিম্পোজিয়াম-২০১৭ (International Maritime Security Symposium, IMSS-2017) এ অংশগ্রহণ করবেন। সেখানে অবস্থানকালে তিনি ইন্দোনেশিয়ার নৌবাহিনী প্রধান এডমিরাল আদে সুপানদি, যুক্তরাষ্ট্রের প্যাসিফিক ফ্লিট এর ডেপুটি কমান্ডার রিয়ার এডমিরাল ফিলিপ জি. সয়ার, সৌদি নৌবাহিনী প্রধান ভাইস এডমিরাল আবদুল্লাহ বিন সুলতান বিন মোহাম্মদ আল সুলতান, ইরান নৌবাহিনীর কমান্ডার এডমিরাল হাবিবুল্লাহ সায়ারি, মায়ানমার নৌবাহিনী প্রধান এডমিরাল টিন অং সান এর সাথে সৌজন্য সাক্ষাৎ করবেন। ইন্দোনেশিয়া সফর শেষে নৌপ্রধান ভারত গমন করবেন। সেখানে অবস্থানকালে তিনি ভারতের প্রতিরক্ষা মন্ত্রী শ্রী অরুণ জেটলী, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী অজিত কুমার দোভাল, প্রতিরক্ষা সচিব শ্রী সঞ্জয় মিত্র, প্রতিরক্ষা সচিব (উৎপাদন) শ্রী অশোক কুমার গুপ্ত, নৌবাহিনী প্রধান এডমিরাল সুনিলা লাম্বা, বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল বিএস ধানওয়া এবং ভারতীয় নৌবাহিনীর পূর্ব জোনের কমান্ডার ইন চিফ ভাইস এডমিরাল এইচসিএস বিসত এর সাথে সৌজন্য সাক্ষাৎ করবেন। এছাড়া তিনি ভারতের নয়াদিল্লীতে অবস্থিত Information Management and Analysis Center, ভারতীয় নৌবাহিনীর মেরিন কমান্ডো ইউনিট ‘আইএনএস কারনা’, দেশটির সাবমেরিন প্রশিক্ষণ ঘাঁটি ‘আইএনএস সাতাভায়ানা’ এবং সাবমেরিন ‘আইএনএস সিন্ধুশাস্ত্র’ পরিদর্শন করবেন।

সাত দিনের এই সরকারি সফরে স্বস্তীক নৌবাহিনী প্রধানের সফরসঙ্গী হিসেবে চারজন কর্মকর্তা রয়েছেন। সফর শেষে নৌপ্রধান আগামী ৩০ আগস্ট ২০১৭ তারিখে দেশে ফিরবেন।